# বিটি জাত পণ্যের উৎপাদক এবং রেজিস্ট্রেশন হোল্ডারদের জন্য নির্দেশিকা

DO NOT PRINT

## ভূমিকা

ইউনাইটেড নেশনস ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট অর্গানাইজেশন (UNIDO) এবং ইউনাইটেড নেশনস এনভায়রনমেন্ট প্রোগ্রাম (UNEP), গ্লোবাল এনভায়রনমেন্ট ফ্যাসিলিটি (GEF) এর সহায়তায়, ম্যালেরিয়া প্রতিরোধে ডিডিটি র বিকল্প হিসেবে নন-পারসিসটেন্ট অর্গানিক পল্যুট্যাণ্ট (নন পপস) তৈরির এবং প্রচারের জন্য ভারতের সাথে কাজ করছে। বিকল্পগুলির মধ্যে অন্যতম হল ব্যাসিলাস থুরিনযেনসিস (বিটি) জাত জৈবকীটনাশকগুলি যা ম্যালেরিয়া সহ অন্যান্য বাহকের নিয়ন্ত্রণে বিশ্বব্যাপী কার্যকর বলে স্বীকৃত হয়েছে।

বর্তমানে, ভারত সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের (MoHFW) অধীনস্থ ন্যাশনাল সেন্টার ফর ভেক্টর বোর্ন ডিজিজ কন্ট্রোল (NCVBDC) ম্যালেরিয়া নিয়ন্ত্রণের উপযোগী লার্ভিসাইড হিসাবে ব্যাসিলাস থুরিনযেনসিস ভ্যার. ইসরায়েলেনসিস (Bti) ব্যবহারের সুপারিশ করেছে। এই জৈবলার্ভিসাইডগুলি নিরাপদ, কার্যকর, পরিবেশ বান্ধব এবং সাধারণত শহুরে এলাকায় ব্যবহৃত ডিডিটির একটি টেকসই বিকল্প।

ভারতের ডিডিটি উৎপাদন বন্ধ করার প্রতিশ্রুতির কারণে ডিডিটির বিকল্পের চাহিদা বৃদ্ধি হতে পারে, তাই বিটি জাত পণ্যের উৎপাদক এবং রপ্তানিকারকদের জন্য একটি উল্লেখযোগ্য সুযোগ রয়েছে।

**গুরুত্বপূর্ণ নিয়ন্ত্রনবিধিঃ**

- কীটনাশক আইন, 1968 এবং কীটনাশক বিধি, 1971
- ইন্ডিয়ান কন্ট্রাক্ট অ্যাক্ট, 1872
- সলিড ওয়েস্ট ম্যানেজমেন্ট রুলস, 2016
- প্লাস্টিক ওয়েস্ট ম্যানেজমেন্ট রুলস, 2016




# বিটি জাত পণ্যের উৎপাদক এবং রপ্তানিকারকের জন্য নির্দেশিকা

- দেশীয় ব্যবহার এবং রপ্তানির উদ্দেশ্যে কারখানা স্থাপনের জন্য অনুসরণীয় নিয়ন্ত্রক পদ্ধতি




ভারতে নতুন ব্যবসা/কারখানা স্থাপনের জন্য অনুসরণীয় নিয়ন্ত্রক পদ্ধতি[1]

- সমস্ত দেশীয় উৎপাদকদের বিটি-জৈবলার্ভানাশক এর উৎপাদনের জন্য বাধ্যতামূলক নথিভুক্তিকরন (আমদানিকৃত বিটি-জৈবলার্ভানাশকের নথিভুক্তিকরন করা যায় না)।




DO NOT PRINT

1. https://dpiit.gov.in/sites/default/files/approval_clearances_required_for_new_projects.pdf


## বিটি জাত পণ্যের নথিভুক্তিকরনের প্রক্রিয়া

- যে রাজ্যে কারখানা স্থাপন করা হয়েছে, সেই রাজ্য সরকারের থেকে অনুমোদন (উৎপাদনের লাইসেন্স)।
- বিধির অনুসরনঃ
    - সেন্ট্রাল ইন্সেকটিসাইড বোর্ড অ্যান্ড রেজিস্ট্রেশন কমিটির (CIB&RC) জারি করা নথিভুক্তির শংসাপত্রে উল্লিখিত শর্তাবলী (যেমন, প্রযুক্তিগত মাপকাঠি বা বৈশিষ্ট্য, লেবেলিং এবং প্যাকেজিং, কাঁচামালের গুণমান ইত্যাদি) মেনে চলা।
    - কারখানা চালু করার আগে এবং পরে অনুসরণীয় নিয়ন্ত্রক পদ্ধতি অনুসরণ করা (বিটি-জৈবলার্ভানাশকের নথিভুক্তিকরন এবং প্রয়োজনীয় ছাড়পত্রের জন্য একইসাথে আবেদন করা সম্ভব)।
    - রপ্তানির জন্য প্রয়োজনীয় বিধির অনুসরন।

# বিটি-জাত দ্রব্যের রেজিস্ট্রেশন হোল্ডারের জন্য নির্দেশিকা

দেশীয় ব্যবহার এবং রপ্তানির উদ্দেশ্যে তৈরি সমস্ত বিটি-জাত দ্রব্যের প্রত্যেকটিকে পৃথকভাবে CIB&RC র অধীনে নথিভুক্ত করাতে হবে। উৎপাদকরা নথিভুক্তির শংসাপত্র পাওয়ার পর, রেজিস্ট্রেশন হোল্ডার হিসাবে বিবেচিত হবে।

- নথিভুক্ত বিটি-জৈবলার্ভানাশকের NCVBDC-এর অন্তর্গত জনস্বাস্থ্য কর্মসূচীতে (ন্যাশনাল ভেক্টর বোর্ন ডিজিজ কন্ট্রোল প্রোগ্রাম, NVB-DCP) অন্তর্ভুক্তিকরন।
    - ভারতে বর্তমানে শুধুমাত্র জনস্বাস্থ্য প্রকল্পেই বিটি-জাত জৈবলার্ভানাশকের ব্যবহার অনুমোদিত। খুচরো বাজারে বিক্রির জন্য নয়।
    - জাতীয় জনস্বাস্থ্য প্রকল্পে বিটি-জৈবলার্ভানাশকের অন্তর্ভুক্তিকরনের জন্য রেজিস্ট্রেশন হোল্ডারদের NCVBDC এর দ্বারস্থ হতে হবে।




**NVBDCP:** National Vector Borne Disease Control Programme
**NCDC:** National Centre for Disease Control
**ICMR:** Indian Council for Medical Research
**MOH & FW:** Ministry of Health and Family Welfare

NCVBDC এর অন্তর্গত জনস্বাস্থ্য প্রকল্পে (NVBDCP) বিটি-জৈবলার্ভানাশকের অন্তর্ভুক্তিকরনের প্রক্রিয়া

DO NOT PRINT

- **জনস্বাস্থ্য প্রকল্পের মাধ্যমে বিটি-জাত জৈবলার্ভানাশকের বানিজ্যিকিকরণ**
    - সরকারি ক্রয় সংস্থা দ্বারা জারি করা টেন্ডারের জন্য, রেজিস্ট্রেশন হোল্ডারদের পূর্বশর্ত পূরণ করতে হবে।
    - নির্বাচিত হলে, বিডিং নথিতে উল্লিখিত প্রযুক্তিগত মাপকাঠি বা বৈশিষ্ট্য কঠোরভাবে অনুসরণ করতে হবে এবং নির্ধারিত সময়মতো প্রয়োজনীয় পরিমাণ সরবরাহ করতে হবে।

## গুরুত্বপূর্ণ ওয়েব লিঙ্কঃ

| | |
|---|---|
| **সেন্ট্রাল ইন্সেকটিসাইড বোর্ড অ্যান্ড রেজিস্ট্রেশন কমিটির (CIB&RC)** | **ppqs.gov.in/divisions/central-insecticides-board-registration-committee** |
| **ন্যাশনাল সেন্টার ফর ভেক্টর বোর্ন ডিজিজ কন্ট্রোল (NCVBDC)** | **ncvbdc.mohfw.gov.in/** |
| **ব্যুরো অফ ইন্ডিয়ান স্ট্যান্ডার্ড (BIS)** | **www.bis.gov.in/** |

DO NOT PRINT